



বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

শৃংখলা পরিদপ্তর

আনসার চেম্বার (৭ম তলা), ১৪৯ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

স্মারক নং-৫০-পাউবো/শৃং/শা-১/অভি(ক)-০৩/২০১৯

১১/১১/১৪২৬ বঙ্গাব্দ

তারিখ : -----

২৪/০২/২০২০ খ্রিস্টাব্দ

দপ্তরাদেশ

জনাব মোয়াজ্জিম হোসেন, উপ-বিভাগীয় প্রকৌশলী (চঃদাঃ), কুমিল্লা পানি বিজ্ঞান উপ-বিভাগ, বাপাউবো, কুমিল্লা অস্ট্রেলিয়ায় TLC & B Global pty-Ltd. কোম্পানিতে Assistant Project Engineer হিসেবে লিয়েনে চাকুরী করার নিমিত্ত নিয়োগপত্র পাওয়ার প্রেক্ষিতে পানি সম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং-৪২.০৩.১.০০.০০.০৫১.২০১১-১৮৩ তারিখঃ ১৯/০৩/২০১৪ খ্রিঃ মোতাবেক দক্ষিণ-পূর্বাঞ্চলীয় পরিমাপ বিভাগ, বাপাউবো, কুমিল্লার স্মারক নং-পি-৪১৫/৫৫১(১০) তারিখঃ ৩১/০৩/২০১৪ খ্রিঃ (অপরূহে) মাধ্যমে তাকে অব্যাহতি প্রদান করা হয়। সে অনুযায়ী ৩০/০৩/২০১৭ খ্রিঃ তারিখে দেশে ফিরে তার চাকুরীতে যোগদান করার কথা থাকলেও তিনি অদ্যাবধি যোগদান করেননি এমনকি তার দপ্তরের সাথে তিনি কোন প্রকার যোগাযোগ রক্ষা না করে Government Order (G.O) এর (J) নং শর্ত ভঙ্গ করে তিনি ৩০/০৩/২০১৭ খ্রিঃ তারিখ হতে সুদীর্ঘ সময় বোর্ডের কাজে অননুমোদিতভাবে অনুপস্থিত রয়েছেন যা বোর্ডের স্বার্থের পরিপন্থি ও দাপ্তরিক কাজে অবহেলার পরিচয় বহন করে।

২। জনাব মোয়াজ্জিম হোসেন, উপ-বিভাগীয় প্রকৌশলী (চলতি দায়িত্ব), কুমিল্লা পানি বিজ্ঞান উপ-বিভাগ, বাপাউবো, কুমিল্লা সরকারী আদেশের (G.O.) শর্ত ও কার্যব্যবাহতি আদেশের নির্দেশনা অনুযায়ী ৩০-০৩-২০১৭ খ্রিঃ তারিখে দেশে ফিরে তার চাকুরীতে যোগদান করার কথা থাকলেও তিনি উক্ত আদেশ অমান্য করে অদ্যাবধি কাজে যোগদান করেননি। এ বিষয়ে তিনি লিয়েন বর্ধিত করণের জন্য কোন আবেদন করেননি এবং বোর্ডের সাথে কোন প্রকার যোগাযোগ রক্ষা করেননি। সরকারী আদেশের (G.O.) এর (J) নং শর্ত ভঙ্গ করে তিনি অদ্যাবধি অননুমোদিতভাবে অনুপস্থিত রয়েছেন। তার এহেন কর্মকান্ড বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ২(১৩) অনুযায়ী পলায়ন হিসেবে বিবেচিত।

৩। জনাব মোয়াজ্জিম হোসেন, উপ-বিভাগীয় প্রকৌশলী (চলতি দায়িত্ব), কুমিল্লা পানি বিজ্ঞান উপ-বিভাগ, বাপাউবো, কুমিল্লা উপরোক্ত কার্যকরে এরূপ আচরণ প্রদর্শন করেছেন যা দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও পলায়নের সামিল এবং ইহা করে তিনি বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৮ (ক), (খ) ও (গ) মোতাবেক অপরাধ করেছেন যার জন্য উক্ত প্রবিধানমালার প্রবিধান ৪৯ (১) (খ) অনুযায়ী তার উপর যে কোন দণ্ড আরোপ যোগ্য।

৪। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান-৪৯ এর উপ-প্রবিধান ৪৯(১)(খ) অনুযায়ী প্রস্তাবিত দণ্ড কেন তার উপর আরোপ করা হবে না উহা উক্ত প্রবিধানমালার প্রবিধান ৫২ মোতাবেক শৃংখলা পরিদপ্তরের স্মারক নং-৭৮-পাউবো/শৃং/শা-১/অভি(ক)-০৩/২০১৯ তারিখঃ ২৮/০৪/২০১৯ খ্রিঃ মাধ্যমে কার্যধারা সূচনা পূর্বক অভিযোগনামা তার অফিসের ঠিকানায় প্রেরণ করা হলে “প্রাপক অনেকদিন ধরে অফিসে অনুপস্থিত থাকায় পত্রখানা ফেরৎ দেওয়া হল” এবং স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হলে “প্রাপক বিদেশ থাকায় ফেরত” মন্তব্য সহ অত্র দপ্তরে ফেরত আসে। তৎপ্রেক্ষিতে কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী তার বিরুদ্ধে আনিত অভিযোগনামায় বর্ণিত অভিযোগসমূহ তদন্ত করার জন্য শৃংখলা পরিদপ্তরের স্মারক নং-১৬১/পাউবো/শৃং/শা-১/অভি(ক)-০৩/২০১৯ তারিখঃ ১৭/০৭/২০১৯খ্রিঃ এর মাধ্যমে একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা বিষয়টি তদন্ত করতঃ তদন্ত প্রতিবেদন দাখিল করেন।

৫। তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষঙ্গিক রেকর্ডপত্র যথাযথ পর্যালোচনান্তে তার বিরুদ্ধে সরকারী আদেশ (G.O.) এর শর্ত নং (J) এবং কার্যব্যবাহতি আদেশের শর্তানুযায়ী ৩০-০৩-২০১৭ তারিখের মধ্যে দেশে ফিরে স্বীয় কাজে যোগদান করার শর্ত থাকলেও তিনি উক্ত শর্ত ভঙ্গ করে অদ্যাবধি স্বীয় কাজে যোগদান করেননি যা পলায়নের সামিল হওয়ায় এবং অননুমোদিতভাবে বিদেশে অবস্থান করার অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(খ)(উ) অনুযায়ী তার অননুমোদিত অনুপস্থিতির তারিখ অর্থাৎ ৩০/০৩/২০১৭ খ্রিঃ তারিখ হতে তার উপর বাপাউবো বোর্ডের চাকুরী হতে ‘বরখাস্ত’ (Dismissal from service) দণ্ড আরোপ করার বিষয়ে কর্তৃপক্ষ কর্তৃক প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হয়।

৬। কর্তৃপক্ষের উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(খ)(উ) মোতাবেক তার বিরুদ্ধে সরকারী আদেশ (G.O.) এর শর্ত নং (J) এবং কার্যব্যবাহতি আদেশের শর্তানুযায়ী ৩০-০৩-২০১৭ তারিখের মধ্যে দেশে ফিরে স্বীয় কাজে যোগদান করার শর্ত থাকলেও তিনি উক্ত শর্ত ভঙ্গ করে অদ্যাবধি স্বীয় কাজে যোগদান করেননি যা পলায়নের সামিল হওয়ায় এবং অননুমোদিতভাবে বিদেশে অবস্থান করার অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় তার উপর কেন বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(খ)(উ) অনুযায়ী তার অননুমোদিত অনুপস্থিতির তারিখ অর্থাৎ ৩০/০৩/২০১৭ খ্রিঃ তারিখ হতে তার উপর বাপাউবো বোর্ডের চাকুরী হতে ‘বরখাস্ত’ (Dismissal from service) দণ্ড চূড়ান্তভাবে আরোপ করা হবে না, বর্ণিত প্রবিধানমালার প্রবিধান ৫২ এর উপ-প্রবিধান (৬) মোতাবেক ৭(সাত) কার্যদিবসের মধ্যে অত্র দপ্তরে উহার কারণ দর্শাইবার জন্য অত্র দপ্তরের স্মারক নং-২৫-পাউবো/শৃং/শা-১/অভি(ক)-০৩/২০১৯ তারিখঃ ০২/০২/২০২০ খ্রিঃ মোতাবেক তার দাপ্তরিক ও স্থায়ী ঠিকানায় নোটিশ প্রেরণ করা হয় এবং বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৫২(৫) মোতাবেক উক্ত কারণ দর্শানোর নোটিশ এর সাথে তদন্ত প্রতিবেদনের চিত্রলিপি প্রেরণ করা হয়। দাপ্তরিক ঠিকানায় প্রেরিত নোটিশ এর কোন জবাব আসে নাই এবং স্থায়ী ঠিকানায় প্রেরিত নোটিশটি “প্রাপক বিদেশ থাকায় ফেরত” মন্তব্যসহ ডাক বিভাগ কর্তৃক অত্র দপ্তরে ফেরত প্রদান করা হয়।

অঃপুঃ দ্রঃ

৭। জনাব মোয়াজ্জিম হোসেন, উপ-বিভাগীয় প্রকৌশলী (চলতি দায়িত্ব), কুমিল্লা পানি বিজ্ঞান উপ-বিভাগ, বাপাউবো, কুমিল্লা এর বিরুদ্ধে তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষঙ্গিক রেকর্ডপত্র পর্যালোচনায় অভিযোগনামায় বর্ণিত অভিযোগসমূহ তদন্তে প্রমাণিত হওয়ায় এবং সরকারী আদেশ (G.O.) এর শর্ত নং (J) এবং কার্যব্যাহতি আদেশের শর্তানুযায়ী ৩০-০৩-২০১৭ তারিখের মধ্যে দেশে ফিরে স্বীয় কাজে যোগদান করার শর্ত থাকলেও তিনি উক্ত শর্ত ভঙ্গ করে অদ্যাবধি স্বীয় কাজে যোগদান না করায় যা পলায়নের সামীল হওয়ায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা ২০১৩ এর প্রবিধান ৪৯(১)(খ)(উ) মোতাবেক তার অননুমোদিত অনুপস্থিতির তারিখ অর্থাৎ ৩০-০৩-২০১৭ খ্রিঃ তারিখ হতে তার উপর বাপাউবোর্ডের চাকুরী হতে 'বরখাস্ত' (Dismissal from Service) দণ্ড চূড়ান্তভাবে আরোপ করার বিষয়ে কর্তৃপক্ষ কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়।

৮। অতএব, উক্ত সিদ্ধান্ত মোতাবেক এতদ্বারা জনাব মোয়াজ্জিম হোসেন, উপ-বিভাগীয় প্রকৌশলী (চলতি দায়িত্ব), কুমিল্লা পানি বিজ্ঞান উপ-বিভাগ, বাপাউবো, কুমিল্লা এর উপর বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা ২০১৩ এর প্রবিধান ৪৯(১)(খ)(উ) মোতাবেক তার অননুমোদিত অনুপস্থিতির তারিখ অর্থাৎ ৩০-০৩-২০১৭ খ্রিঃ তারিখ হতে তাকে বাপাউবোর্ডের চাকুরী হতে 'বরখাস্ত' (Dismissal from Service) দণ্ড চূড়ান্তভাবে আরোপ করা হলো।

৯। এতে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদন রয়েছে।

স্বাক্ষর
28/02/2020

(ফেরদৌসি বেগম)

পরিচালক

পরিচিতি নম্বরঃ ৬৩১২৩০০০১

টেলিফোন নম্বর : ৯৫৫০৩৫৩

Dir.discipline.bwdb@gmail.com

স্মারক নং-৫০(১৫)-পাউবো/শৃং/শা-১/অভি(ক)-০৩/২০১৯

তারিখঃ ১১/১১/১৪২৬বঙ্গাঃ
২৪/০২/২০২০ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১. প্রধান প্রকৌশলী, পূর্বাঞ্চল, বাপাউবো, কুমিল্লা।
২. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কুমিল্লা পওর সার্কেল, বাপাউবো, কুমিল্লা।
৩. সচিব, বাপাউবো, ঢাকা।
৪. পরিচালক কর্মচারী পরিদপ্তর/কর্মচারী উন্নয়ন পরিদপ্তর/ হিসাব রক্ষণ পরিদপ্তর বাপাউবো, ঢাকা।
৫. সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৬. সিস্টেম এনালিস্ট, চীফ মনিটরিং এর দপ্তর, আইসিটি সেল, বাপাউবো, ঢাকা। দপ্তরাদেশটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য আদিষ্টমতে অনুরোধ করা হলো।
৭. নির্বাহী প্রকৌশলী, দক্ষিণ-পূর্বাঞ্চলীয় পরিমাপ বিভাগ, বাপাউবো, কুমিল্লা।
৮. হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, কুমিল্লা।
৯. জনাব মোয়াজ্জিম হোসেন, উপ-বিভাগীয় প্রকৌশলী (চঃদাঃ), কুমিল্লা পানি বিজ্ঞান উপ-বিভাগ, বাপাউবো, কুমিল্লা/প্রযত্নে পিতাঃ মোস্তফা ভূঞা, গ্রামঃ উলুকান্দি, পোষ্টঃ বড় গাজীপুর, থানাঃ তিতাস, জেলাঃ কুমিল্লা।
১০. ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/পূর্ব রিজিয়ন/অর্থ/পরিকল্পনা), বাপাউবো, ঢাকা।

স্বাক্ষর
28/02/2020

(ফজলুল করিম)

উপ-পরিচালক

পরিচিতি নং-৬৪০৩১১০০১

টেলিফোন নং-৯৫৬৯৭৭৯